**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**সেগুনবাগিচা, ঢাকা**
**www.bkkb.gov.bd**

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ৩৩তম বোর্ড সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কে এম আলী আজম, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৮ মে, ২০২২ |
| সময় | : | বেলা ১২.০০ টা |
| স্থান | : | Zoom Apps এর মাধ্যমে |
| উপস্থিতি | : | পরিশিষ্ট- ক |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক (সচিব) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান ১৩ জুন, ২০২১ অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ৩২তম বোর্ড সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩৩তম বোর্ড সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত:

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|
| ২.১ | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০ তলা ভবন নির্মাণ:** | দ্রুততার সাথে ১২তলা বিশিষ্ট ০২টি ভবনের নক্শা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরে সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর। |
| ২.২ | **চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ:** | নকশা অনুযায়ী বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণের লক্ষ্যে দ্রুততম সময়ে ডিপিপি প্রণয়নের জন্য গণপূর্ত অধিদপ্তর এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।<br>(৩) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **শেরে বাংলানগরস্থ কমিউনিটি সেন্টার বোর্ডের উন্নয়নমূলক কাজের স্বার্থে ব্যবহার:** | কল্যাণ বোর্ডের উন্নয়নমূলক কাজের স্বার্থে র‍্যাবের সাথে আলোচনাক্রমে শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের জায়গা বোর্ড এর নিকট হস্তান্তরের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড; (২) অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ২.৪ | **বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ এ বোর্ডের মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য জন্য খাস জমি বরাদ্দ/জমি সংগ্রহ:** | (ক) বিভাগীয় কার্যালয়, রংপুরের অনুকূলে ভুমি মন্ত্রণালয় কর্তৃক প্রতীকী মূল্যে জমি বরাদ্দ প্রদানের পরও তা বাতিল হওয়ায় কারণ পর্যালোচনা করে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও বিভাগীয় কমিশনার, রংপুর ১০ (দশ) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করবেন। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (২) বিভাগীয় কমিশনার, রংপুর। |
| | | (খ) সিলেটে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য সর্বোচ্চ যে পরিমাণ খাস জমি পাওয়া যায় তা বরাদ্দ প্রদানের বিষয়ে জেলা প্রশাসক, সিলেট এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (১) বিভাগীয় কমিশনার, সিলেট; (২) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট। |
| | | (গ) ময়মনসিংহ এ মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য জমি বরাদ্দের বিষয়ে বিভাগীয় কমিশনারের এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। |
| | | (ঘ) বিভাগীয় কার্যালয়, বরিশাল এর মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের জন্য পরিবেশ অধিদপ্তর হতে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে ছাড়পত্র গ্রহণ করে জেলা প্রশাসকের কার্যালয় বরিশালে প্রেরণ করতে হবে। | পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল। |
| ২.৫ | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, খুলনায় অবস্থিত কমিউনিটি সেন্টার নির্মাণ:** | বোর্ডের খুলনাস্থ কমিউনিটি সেন্টারটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় সংস্কার করে ব্যবহার করা ঝুঁকিপূর্ণ মর্মে প্রকৌশলীবৃন্দ মতামত প্রদান করেছেন। উক্ত স্থানে নতুন ভবন নির্মাণের লক্ষ্যে দ্রুততম সময়ে নকশা প্রণয়নসহ প্রকল্প প্রস্তাবনা তৈরির কার্যক্রম সম্পন্ন করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড; (২) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা। |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | **স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ:** | দ্রুততম সময়ে "স্টাফবাস সার্ভিস কর্মসূচি এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র চাকুরি নীতিমালা-১৯৯৮" অনুযায়ী 'স্টাফবাস সার্ভিস কর্মসূচি' ও 'মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র' এর ৯২ টি শূন্য পদের মধ্যে সরাসরি নিয়োগযোগ্য পদসমূহের বিপরীতে দ্রুত জনবল নিয়োগ প্রদান করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |
| ২.৭ | **জটিল ও ব্যয়বহুল রোগের দেশে-বিদেশে চিকিৎসা অনুদান আমৃত্যু পর্যন্ত প্রদান:** | কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারীর জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য অনুদান প্রদানের বিষয়ে সুপারিশ প্রনয়নের লক্ষ্যে সভার আয়োজন করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |
| ২.৮ | **বান্দরবান জেলা শহরে কল্যাণ বোর্ডের ১.০০ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণ:** | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মালিকানাধীন বান্দরবান জেলার সদর উপজেলাধীন বান্দরবান মৌজায় ০১.০০ একর ভূমির যৌথ জরিপ তথা পর্যটন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা করবেন। | (১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;<br>(২) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ২.৯ | **পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা:** | কর্মচারীদের চিত্তবিনোদন ও অবকাশ যাপনের লক্ষ্যে কুয়াকাটায় প্রস্তাবিত স্থানে রেস্টহাউস কাম রিসোর্টের ভূমি দ্রুত বরাদ্দের ব্যবস্থা গ্রহণ এবং সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) বিভাগীয় কমিশনার, বরিশাল;<br>(৩) জেলা প্রশাসক, পটুয়াখালী। |
| ৩.০ | **সরকারি কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শিশুদের পুর্ণবাসন কেন্দ্র স্থাপন:**<br><br>সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধী) শিশুদের পুর্ণবাসন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে গাজীপুর সদর উপজেলাধীন দক্ষিণ পানিসাইল মৌজার ০১ নং খতিয়ানের ৫৪ ও ৫৬ দাগের সরকারি দখলভুক্ত ৪.৩৩ একর জমি প্রতীকী মূল্যে বরাদ্দ পাওয়া গেছে। ৫৪ ও ৫৬ দাগসংলগ্ন ৫৫ দাগের ব্যক্তিমালিকানাধীন ০.৮৬ একর ও ৫৬ দাগের ১.৩৮ একরসহ মোট ২.২৪ একর জায়গা অধিগ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন রয়েছে। সরকারি খাস খতিয়ানভুক্ত ৪.৩৩ একর এবং ব্যক্তিমালিকানাধীন ২.২৪ একর জমি অধিগ্রহণ সাপেক্ষে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পূর্ণবাসন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে উন্নয়ণ প্রকল্প | সরকারি খাস খতিয়ানভুক্ত ৪.৩৩ একর এবং ব্যক্তিমালিকানাধীন ২.২৪ একর জমি অধিগ্রহণ সাপেক্ষে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পূর্ণবাসন কেন্দ্র স্থাপনের লক্ষ্যে উন্নয়ণ প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে। অন্যদিকে, মতিঝিলস্থ চিনি ও খাদ্য শিল্প ভবনের জায়গা ভাড়া নিয়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য পাইলট দিবাযত্ন কেন্দ্র চালু করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |

| | | | |
|---|---|---|---|
| | প্রস্তাব প্রণয়ন করা হবে। উল্লেখ্য, পাইলট কেন্দ্র হিসেবে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য মতিঝিলস্থ চিনি ও খাদ্য শিল্প ভবনের ভাড়া করা জায়গায় দিবাযত্ন কেন্দ্র চালু করা হবে। | | |
| ৪.০ | **স্টাফবাসের যাত্রী ভাড়া বৃদ্ধি সংক্রান্ত:**<br>স্টাফবাস সার্ভিস কর্মসূচির যানবাহন দ্বারা সরকারি কর্মকর্তা/কর্মচারীদের পরিবহন সেবা প্রদান করা হয়। সর্বশেষ ২০১৭ সালের বোর্ডের সিদ্ধান্তমতে বড়বাসে যাতায়াতের জন্য প্রতি কিলোমিটার ০.৫০ টাকা এবং মিনিবাসে প্রতি কিলোমিটার ১.০০ টাকা হিসেবে যাত্রীদের নিকট হতে ভাড়া আদায় করা হচ্ছে। এছাড়া পিকনিকসহ বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে সরকারি কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে গাড়ীভাড়া প্রদান করে প্রতি কিলোমিটারে বড়বাসের ক্ষেত্রে ১০০/- টাকা, মিনিবাসের ক্ষেত্রে ১২৫/- টাকা এবং এসি মিনিবাসের ক্ষেত্রে ১৫০/- টাকা নির্ধারণ করা হয়। ২০১৭ সালের পর বিভিন্ন সময় জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি পেলেও যাত্রীভাড়া এবং গাড়ীভাড়া বৃদ্ধি করা হয়নি। সর্বশেষ ০৭ নভেম্বর, ২০২১ হতে জ্বালানী তেলের দাম কিলোমিটার প্রতি পূর্বের তুলনায় ২৬.৪৭% বৃদ্ধি পাওয়ায় স্টাফবাস এর পরিচালনা ব্যয় বহুলাংশে বৃদ্ধি পেয়েছে এবং সরকারের ভর্তুকির পরিমাণ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। সরকারের ভর্তুকি পরিমাণ হ্রাসের জন্য পূর্বের তুলনায় নুন্যতম ২৫% ভাড়া বৃদ্ধি করা প্রয়োজন হয়ে পড়েছে। | সরকারি কর্মচারীদের যাতায়াতের ভাড়া কিলোমিটার প্রতি বর্তমান হার থেকে ২৫% বৃদ্ধি করতে হবে। পিকনিকসহ বিভিন্ন সামাজিক অনুষ্ঠানের জন্য গাড়ী প্রদানের ক্ষেত্রে কিলোমিটার প্রতি ২৫% বৃদ্ধি করতে হবে। জুলাই ২০২২ থেকে ভাড়া বৃদ্ধির হার কার্যকর হবে। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ৫.০ | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক বিআরটিসি হতে ভাড়াকৃত বাসের ভাড়া বৃদ্ধি:**<br><br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর নিয়ন্ত্রণাধীন স্টাফবাস সার্ভিস কর্মসূচির আওতায় প্রধান কার্যালয় ঢাকাতে পরিবহন সেবায় স্টাফবাসের ঘাটতি থাকায় বিআরটিসি হতে গাড়িভাড়া করে পরিবহন সেবা অব্যাহত রাখা হয়েছে। সে প্রেক্ষিতে বিআরটিসি হতে ৪২ টি বাস ভাড়া করে যাত্রীসেবা প্রদান করা হচ্ছে। সর্বশেষ ০৭ নভেম্বর, ২০২১ তারিখ সরকার কর্তৃক ঘোষিত ডিজেলের মূল্য বৃদ্ধির কারণে বিআরটিসি বাসের ভাড়া প্রতি কিলোমিটার ১.৭০ টাকার স্থলে ২.১৫ টাকা নির্ধারণ করা হয়। এক্ষেত্রে ভাড়া বৃদ্ধির হার ২৬.৪৭%। | বিআরটিসি হতে ভাড়াকৃত বাসসমূহের কিলোমিটার প্রতি ২৫% ভাড়া বৃদ্ধি করতে হবে। জুলাই ২০২২ থেকে ভাড়া বৃদ্ধির হার কার্যকর হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) চেয়ারম্যান, বিআরটিসি। |

| | | | |
|---|---|---|---|
| ৬.০ | **স্টাফবাস সার্ভিস কর্মসূচির অধীনে স্টাফবাস ক্রয় :**<br><br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত স্টাফবাস সার্ভিস কর্মসূচির আওতায় প্রধান কার্যালয় ঢাকাসহ বিভাগীয় কার্যালয়সমূহে বোর্ডের সচল ৩৩টি বড়বাস ও ১৩টি মিনিবাস (১৭১৬+৩৯০)=২১০৬টি আসন এবং বিআরটিসি হতে ভাড়াকৃত ২৬টি দ্বিতল ও ১৬টি একতলা গাড়িতে (১৮৭৫+৬৪০)=২৫১৫টি আসনসহ মোট (২১০৬+২৫১৫)= ৪৬২১টি আসনের বিপরীতে প্রায় ৭০০০ (সাত হাজার) সরকারি কর্মকর্তা-কর্মচারীকে পরিবহন সেবা প্রদান করা হয়। বাস স্বল্পতার কারণে বিআরটিসি হতে ৪২টি বাস ভাড়া করে যাত্রীসেবা প্রদান করা হচ্ছে। এমতাবস্থায়, বাস স্বল্পতা দূর করা ও স্টাফবাসের যাত্রীদের সেবা বৃদ্ধির জন্য এ কর্মসূচিতে নতুন বাস ক্রয় করা প্রয়োজন। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে যাত্রীসেবা বৃদ্ধির জন্য বাজেটে বরাদ্দকৃত অর্থ দ্বারা ০৭টি বড় বাস ও ০৩টি মিনি বাস ক্রয় করতে হবে। চাহিদার প্রেক্ষিতে পর্যায়ক্রমে আরো নতুন বাস ক্রয়ের কার্যক্রম শুরু করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ৭.০ | **স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে নতুন পদ সৃষ্টি:**<br><br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত স্টাফবাস সার্ভিস কর্মসূচির আওতায় প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়সমূহে পরিবহন সেবা প্রদান করা হয়। সময়ের প্রেক্ষাপটে পরিবহন সেবার কলেবর বৃদ্ধি পাচ্ছে। প্রতিনিয়ত গাড়ির মেরামত কাজের জন্য অভিজ্ঞ মেকানিকের প্রয়োজন হয়। সেক্ষেত্রে স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে মেকানিকের ০২টি পদ ও নিরাপত্তার জন্য দারোয়ানে ০৫টি পদ বৃদ্ধি করা প্রয়োজন। অন্যদিকে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে মহিলাদের প্রশিক্ষণ প্রদান করে সক্ষমতা বৃদ্ধি করা হয়। বিভাগীয় পর্যায়ে চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল এ মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সুপারভাইজার পদ না থাকায় উক্ত বিভাগীয় কার্যালয়সমুহে ০১টি করে মোট ০৪টি সুপারভাইজার এর পদ সৃষ্টি করা প্রয়োজন । এছাড়া মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের নিরাপত্তার স্বার্থে দারোয়ানের ১০টি পদ সৃষ্টি করা প্রয়োজন। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে মেকানিকের ০২টি ও দারোয়ানের ০৫টি এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে সুপারভাইজারের ০৪টি, প্রশিক্ষিকা ১০টি ও দারোয়ানের ১০টিসহ সর্বমোট ৩১টি নতুন পদ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br><br>(২) অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ৮.০ | **স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের পদসমূহ সংরক্ষণ:**<br><br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচির ১৬৩টি পদ এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৪৭টি পদসহ ২১০টি পদ বছরভিত্তিক সংরক্ষণ (Retention) করা হয়ে থাকে। ৩২তম বোর্ড সভায় উক্ত পদসমূহ ৩০ জুন, ২০২২ পর্যন্ত সংরক্ষণের অনুমোদন প্রদান করা হয়েছিল। স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের উক্ত ২১০ টি পদ ৩০ জুন, ২০২৩ পর্যন্ত সংরক্ষণ করা যেতে পারে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচির ১৬৩টি পদ এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৪৭টি পদসহ ২১০টি পদ ৩০ জুন, ২০২৩ পর্যন্ত সংরক্ষণ (Retention) করা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ৯.০ | **স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত কর্মচারীদের দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বৃদ্ধিকরণ:**<br><br>স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত কর্মচারীদের দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বাবদ বর্তমানে সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়। বর্তমানে জীবনযাত্রা ব্যয় বহুগুণে বৃদ্ধি পাওয়ায় ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অতি সামান্য। এ কর্মসূচির মাধ্যমে কর্মচারীদের পরিবহন সেবা ও নারীদের আত্মনির্ভরশীল ও কর্মমুখী শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। এমতাবস্থায়, সরকারি কর্মচারীগণের ন্যায় দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদানের ক্ষেত্রে যে পরিমাণ আর্থিক অনুদান প্রদান করা হয়ে থাকে অনুরুপ হারে স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে চাকরিরত অবস্থায় কর্মচারীর মৃত্যুতে ৩০,০০০/- টাকা ও পরিবারে অন্য সদস্যদের ক্ষেত্রে ১০,০০০/- আর্থিক অনুদান বরাদ্দের প্রয়োজন। | স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কর্মচারীদের চাকরিরত অবস্থায় মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা স্থলে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং পরিবারের অন্য সদস্যদের মৃত্যুতে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |

| | | | |
|---|---|---|---|
| ১০.০ | **কল্যাণভাতা-যৌথবীমা অনুদানের ক্ষেত্রে নির্ভরশীল সদস্যের বয়সসীমা নির্ধারণ:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এ পরিবার অর্থ "কর্মচারীর সহিত একত্রে বসবাসরত এবং তাঁহার উপর সম্পূর্ণ নির্ভরশীল সন্তান-সন্ততিগণ, পিতা, মাতা, দত্তক পুত্র (হিন্দু কর্মচারীদের ক্ষেত্রে), নাবালক ভাই এবং অবিবাহিতা, তালাক প্রাপ্তা বা বিধবা বোন" মর্মে উল্লিখিত রয়েছে। আইন/বিধিতে সম্পূর্ণ নির্ভরশীল পুত্র, কন্যা, ভাই, বোন এর বয়সের সুস্পষ্ট ব্যাখ্যা উল্লেখ নেই। এছাড়া উত্তরাধিকার মনোনয়নের বিষয়ে সুনির্দিষ্ট কোন দিক নির্দেশনাও নেই। ফলে অনেক ক্ষেত্রে মৃত কর্মচারীর উত্তরাধিকারিগণ (সন্তান/সন্ততি) নির্ভরশীল না হওয়া সত্ত্বেও ভাতা পাওয়ার জন্য নির্ভরশীল উল্লেখ করে আবেদন করেন। ফলে এ ধরনের আবেদনসমূহ নিষ্পত্তিতে জটিলতা সৃষ্টি হয়। তাই বয়সসীমা সুস্পস্ট হওয়া প্রয়োজন।<br>১। নির্ভরশীল পুত্র সন্তানের বয়সসীমা;<br>২।নাবালক ভাই/অবিবাহিত/তালাকপ্রাপ্ত/বিধবা কন্যা/বোনের ক্ষেত্রে বয়সসীমা। | সরকারি কর্মচারীগণের পেনশন সহজিকরণ আদেশ, ২০২০ এর ৩.০৪ এর বিধান অনুযায়ী পুত্র সন্তানের বয়সসীমা ২৫ বছর। সে ক্ষেত্রে পুত্র সন্তান ও অবিবাহিত কন্যা সন্তানের বয়সসীমা ২৫ বছর এবং নাবালক ভাই/বোন এর বয়সসীমা ১৮ বছর হবে। অন্যদিকে, কর্মচারীর তালাকপ্রাপ্ত/ বিধবা কন্যা/বোন যেকোন বয়সে নির্ভরশীল হিসেবে বিবেচিত হবেন। এছাড়া কর্মচারীর প্রতিবন্ধী সন্তান যদি দৈহিক বা মানসিক অক্ষমতার কারণে স্থায়ীভাবে কর্মক্ষমতাহীন হয়ে উপার্জনে অক্ষম হয়, তবে তিনি যেকোন বয়সে নির্ভরশীল হিসেবে বিবেচিত হবেন। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ১১.০ | **শিক্ষাবৃত্তি অনুদান সংক্রান্ত বিভাগীয় বাছাই ও উপকমিটি এবং কেন্দ্রীয় বাছাই ও উপকমিটির সম্মানী প্রদান:**<br>সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত ১১ হতে ২০ গ্রেডের কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান এবং বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তির ক্ষেত্রে বিভাগীয় পর্যায়ে বাছাই কমিটি ও উপকমিটি এর পর কেন্দ্রীয় পর্যায়ে বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কেন্দ্রীয় উপকমিটি আবেদনকারীদের অনুকূলে অনুদান বরাদ্দ প্রদান করে থাকে। উল্লিখিত কমিটিসমূহের সদস্যদের কোন সম্মানী প্রদান করা হয় না। বর্ণিত বিভাগীয় বাছাই ও উপকমিটি এবং কেন্দ্রীয় বাছাই ও উপকমিটির সম্মানী প্রদান করা প্রয়োজন। | বিভাগীয় বাছাই কমিটির সম্মানী ২,০০০/- (দুই হাজার) টাকা, বিভাগীয় উপকমিটি ও কেন্দ্রীয় বাছাই কমিটির সম্মানী ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং কেন্দ্রীয় উপকমিটির সম্মানী ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মঞ্জুর করা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |

| | | | |
|---|---|---|---|
| ১২.০ | **বিবিধ:**<br><br>**(ক) জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান সংক্রান্ত বাছাই কমিটি ও ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠন:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ সংশোধন করে ২২ জুন, ২০২১ বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা প্রকাশিত হয়। "(উ) উপ-বিধি (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা:- "(৬) কর্মচারীর জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য বোর্ডের সুপারিশ অনুযায়ী সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে সাহায্য মঞ্জুরি প্রদান করা যাইবে এবং কর্মচারীর জটিল ও ব্যয়বহুল রোগে দেশে ও বিদেশে আর্থিক চিকিৎসা সাহায্যের জন্য আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক উক্তরূপ সাহায্য মঞ্জুরির সুপারিশের নিমিত্ত মহাপরিচালককে সভাপতি করিয়া একটি বাছাই কমিটি থাকিবে এবং চূড়ান্ত সাহায্য মঞ্জুরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে একটি ব্যবস্থাপনা কমিটি থাকিবে এবং বাছাই কমিটি ও ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে সম্পাদিত হইবে।"<br>বর্ণিত বিধিমালার আলোকে বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে স্থায়ী মেডিকেল বোর্ড ও অভ্যন্তরীণ যাচাই-বাছাই কমিটি বিলুপ্ত করে নিম্নরুপভাবে একটি **"বাছাই কমিটি"** এবং **"ব্যবস্থাপনা কমিটি"** পুনর্গঠন করা হয়েছে। বাছাই কমিটি (পরিশিষ্ট- খ)। বাছাই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সাহায্য মঞ্জুরির সুপারিশ করে ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করবে।<br><br>ব্যবস্থাপনা কমিটি (পরিশিষ্ট- গ)। ব্যবস্থাপনা কমিটি জটিল ও ব্যয়বহুল রোগের আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত আবেদনের অনুকূলে চূড়ান্ত সাহায্য মঞ্জুরি প্রদান করবে। | (ক) জটিল ও ব্যবহুল রোগের চিকিৎসা অনুদান সংক্রান্ত দুইটি কমিটি (বাছাই কমিটি ও ব্যবস্থাপনা কমিটি) পুনর্গঠনের প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়। | (ক) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| | **(খ) সম্মানী ভাতা বৃদ্ধি ভূতাপেক্ষ অনুমোদন:**<br>**<u>বোর্ড সভা:</u>** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বোর্ড সভার প্রত্যেক সদস্যকে | (খ)<br>**<u>বোর্ড সভা:</u>** বোর্ড সভার সম্মানী ৩,০০০/- (তিন হাজার) টাকার স্থলে | (খ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |

| | | | |
|---|---|---|---|
| | ৩,০০০/- (তিন হাজার) টাকা সম্মানী প্রদান করা হয়। বর্তমানে বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ড সভার সম্মানী ৩,০০০/- (তিন হাজার) টাকা এর স্থলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বৃদ্ধি করা হয়েছে।<br>**সাধারণ চিকিৎসা অনুদান:** সাধারণ চিকিৎসা অনুদানের ০২ (দুই)টি কমিটি রয়েছে। বাছাই কমিটি ও উপকমিটি। বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বাছাই কমিটির সদস্যদের সম্মানী ১,০০০/- (এক হাজার) টাকার স্থলে ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং উপকমিটির সদস্যদের সম্মানী ২,০০০/- (দুই হাজার) টাকার স্থলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বৃদ্ধি করা হয়েছে।<br>**জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান:** জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান অনুমোদনের ০২টি কমিটি রয়েছে। বাছাই কমিটি ও ব্যবস্থাপনা কমিটি। পূর্বে সম্মানী বাবদ বাছাই কমিটি ও ব্যবস্থাপনা কমিটির প্রত্যেক সদস্যকে ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হতো। বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বাছাই কমিটি ও ব্যবস্থাপনা কমিটির প্রত্যেক সদস্যের সম্মানী ২,০০০/- (দুই হাজার) টাকার স্থলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বৃদ্ধি করা হয়েছে। | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বৃদ্ধির প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদন করা হয়।<br>**সাধারণ চিকিৎসা অনুদান:** বাছাই কমিটির সদস্যদের সম্মানী ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং উপকমিটির সদস্যদের সম্মানী ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করার ভূতাপেক্ষ অনুমোদন করা হয়।<br>**জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান:** বাছাই কমিটি এবং ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সম্মানী ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করার ভূতাপেক্ষ অনুমোদন করা হয়। | |
| | **(গ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২১-২০২২ অর্থবছরে বাজেট ভুতাপেক্ষ অনুমোদন:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২১-২০২২ অর্থবছরের বাজেটের পরিমাণ ৫০০,০০,০০,০০০/- (পাঁচশত কোটি) টাকা। উক্ত বরাদ্দকৃত অর্থের মধ্যে হতে সরকারি অনুদানের পরিমাণ ১৭০,০০,০০,০০০/- (একশত সত্তর কোটি) টাকা মাত্র যা অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে বাজেট বইয়ে প্রকাশিত হয়েছে। অন্যদিকে বোর্ডের নিজস্ব আয়ের পরিমাণ ৩৩০,০০,০০,০০০/- (তিনশত ত্রিশ কোটি) টাকা। বোর্ডের নিজস্ব আয়সহ ২০২১-২০২২ অর্থবছরে ৫০০,০০,০০,০০০/- (পাঁচশত কোটি) টাকা বাজেট প্রস্তুত করা হয়েছে। কিন্তু COVID-19 এর প্রাদুর্ভাবজনিত কারণে চলতি ২০২১-২০২২ অর্থবছরে কোন বোর্ড সভা অনুষ্ঠিত না হওয়ায় | (গ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২০২১-২০২২ অর্থবছরের বাজেট ভূতাপেক্ষ অনুমোদন করা হয়। | (গ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |

| | | | |
|---|---|---|---|
| | প্রস্তুতকৃত বাজেট অনুমোদন নেয়া সম্ভবপর হয়নি। সে পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২০২১-২০২২ অর্থবছরের বাজেট ভূতাপেক্ষ অনুমোদন করা যায়। | | |
| | **(ঘ) সাধারণ চিকিৎসার আবেদন ফরম যুগোপযোগীকরণ:**<br><br>সরকারি তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সকল গ্রেডের কর্মরত/অবসরপ্রাপ্ত কর্মচারী/ তাদের পরিবারের নির্ভরশীল সদস্য এবং মৃত কর্মচারীর পরিবারের সদস্যদের কল্যাণ তহবিল হতে সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন ফরমে অবসরপ্রাপ্ত কর্মচারী এবং মৃত কর্মচারীর পরিবারের সদস্যদের ক্ষেত্রে দপ্তর প্রধানের স্বাক্ষর গ্রহণে বিভিন্ন সমস্যার সম্মুখিন হতে হয়। এ সমস্যা সমাধানে আবেদন ফরমটি সংশোধন করা যেতে পারে। | (ঘ) সাধারণ চিকিৎসা অনুদানের সংশোধিত আবেদন ফরম অনুমোদন করা হয়। | (ঘ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| | **(ঙ) মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কোর্স ফি বৃদ্ধিকরণ:**<br><br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অধীন মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের চলমান কম্পিউটার (গ্রাফিক্স/অফিস) কোর্স, কনফেকশনারি কোর্স ও বিউটিফিকেশন কোর্সের কোর্স ফি (তিন মাস) ৫০০/-(পাঁচশত) টাকা ধার্য রয়েছে। উক্ত কোর্সসমূহের ব্যবহৃত পণ্যসামগ্রীর বাজারমূল্য বৃদ্ধির কারণে বর্তমানে কোর্স পরিচালনার ব্যয় বহুগুণ বৃদ্ধি পেয়েছে। বাস্তবতার নিরিখে ০৩ (তিন) মাসব্যাপি এ কোর্সসমূহের কোর্স ফি বৃদ্ধি করা প্রয়োজন। | (ঙ) কম্পিউটার (গ্রাফিক্স/অফিস) কোর্স, কনফেকশনারি কোর্স ও বিউটিফিকেশন কোর্সের কোর্স ফি (তিন মাস) ৫০০/-(পাঁচশত) টাকার স্থলে ১,০০০/- (এক হাজার) টাকা নির্ধারণ করা হয়। | (ঙ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| | **(চ) মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে স্পোকেন ইংলিশ ও ফ্রিল্যান্সিং কোর্স চালু এবং প্রাথমিক পরিচর্যা কোর্স বাতিল:**<br><br>সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ওপর নির্ভরশীল মহিলাদেরকে আত্মনির্ভরশীল ও কর্মমুখী শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয় । এ প্রশিক্ষণ কেন্দ্রে স্পোকেন ইংলিশ ও ফ্রিল্যান্সিং কোর্স | (চ) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কোর্সটি বাতিল করা হয়। ০৩ (তিন) মাস মেয়াদী স্পোকেন ইংলিশ ও ফ্রিল্যান্সিং কোর্সের অনুমোদন এবং কোর্স ফি ১,০০০/- টাকা নির্ধারণ করা হয়। | (চ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |

| | | | |
|---|---|---|---|
| | চালুর বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কোর্সে আশানুরূপ প্রশিক্ষণার্থী না পাওয়ায় উক্ত কোর্সটি বাতিল করা প্রয়োজন। | | |
| | **(ছ) স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণের জন্য ০৫ (পাঁচ) জন গাড়িচালক (ভারী) এর সেবা গ্রহণের ভূতাপেক্ষ অনুমোদন:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত 'স্টাফবাস সার্ভিস কর্মসূচি'র মাধ্যমে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের পরিবহন সেবা প্রদান করা হয়। স্টাফবাস সার্ভিস কর্মসূচিতে গাড়িচালকের স্বল্পতাহেতু সেবা গ্রহীতা সরকারি কর্মকর্তা/কর্মচারীদের যাত্রীসেবা অব্যাহত রাখার প্রয়োজনে গাড়িচালকের শূন্যপদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়া পর্যন্ত সাময়িকভাবে আউটসোর্সিং প্রক্রিয়ায় ক্যাটাগরি-১ এর আওতায় ০৫ (পাঁচ) জন গাড়িচালকের সেবা গ্রহণের বিষয়টি সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও বোর্ড চেয়ারম্যান অনুমোদন প্রদান করেছেন। | (ছ) আউটসোর্সিং প্রক্রিয়ায় ০৫ (পাঁচ) জন গাড়িচালকের সেবা গ্রহণের বিষয়টি ভূতাপেক্ষ অনুমোদন করা যায়। | (ছ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| | **(জ) জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা এবং সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন অনলাইনে গ্রহণের ব্যবস্থা চালু:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কল্যাণ-যৌথ-দাফন এবং শিক্ষাবৃত্তির আবেদন প্রচলিত ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে বর্তমানে অন-লাইনে গ্রহণ করা হচ্ছে। জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান এবং সাধারণ চিকিৎসা অনুদানের আবেদনসমূহ প্রচলিত ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অন-লাইনে করা প্রয়োজন। | (জ) জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান এবং সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন অনলাইনে গ্রহণ করতে হবে। তবে সেই সঙ্গে আবেদনের সাথে সংযুক্তিসমূহের হার্ড কপি গ্রহণ করতে হবে। | (জ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| | **(ঝ) স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানকে বোর্ডের অন্তর্ভুক্তকরণ:**<br>অসামরিক কর্মে নিয়োজিত সরকারি কর্মকর্তা-কর্মকর্তা-কর্মচারীগণ ও তাঁদের পরিবারের সদস্যগণকে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে প্রদত্ত অনলাইন সকল সুবিধাদি প্রদান করা হচ্ছে। বোর্ড হতে সেবার ক্ষেত্রে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের চাকরি সংক্রান্ত | (ঝ) কমিটি গঠনের মাধ্যমে তালিকাভুক্ত যে সব প্রতিষ্ঠান সেবা গ্রহণে তৎপর নয় সে সকল প্রতিষ্ঠানসমূহকে বোর্ডের তালিকা হতে বাদ দিতে হবে। অন্যদিকে, যে সব প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য আবেদন করেছেন তাদের কার্যক্রম কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে বোর্ডের তালিকাভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (ঝ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |

| | | | |
|---|---|---|---|
| | তথ্যাদি Pay fixation Verification Code এর মাধ্যমে সঠিকতা যাচাই (Employee Verification) করা হয়। কিন্তু বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের তালিকাভূক্ত ২০টি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তথ্য ibas++ এর অর্ন্তভূক্ত নেই। ফলে সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের ন্যায় চাকুরি সংক্রান্ত তথ্যাদি Pay fixation Verification Code বিদ্যমান না থাকায় তাদের সঠিকতা যাচাই করা সম্ভবপর হচ্ছে না। স্বায়ত্তশাসিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে ibas++ এর অন্তর্ভূক্তির জন্য একাধিকবার তাগিদ পত্র দেয়া হয়েছে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন ব্যতিত অন্যকোন প্রতিষ্ঠানের ibas++ এর অন্তর্ভূক্তির বিষয়ে কোন তথ্য বোর্ডের নিকট নেই। ইতোমধ্যে বেশ কিছু প্রতিষ্ঠান বোর্ডের তালিকাভূক্তির জন্য নতুনভাবে আবেদন করেছেন। তালিকাভুক্ত যে সব প্রতিষ্ঠান সেবা গ্রহণে তৎপর নয় এবং যে সব প্রতিষ্ঠান তালিকাভূক্তির জন্য আবেদন করেছেন তাদের বিষয়ে কমিটি গঠন করে প্রতিবেদনের আলোকে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | | |

বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের জন্য মহাপরিচালকসহ সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭.০৬.২২

কে এম আলী আজম
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

কে এম আলী আজম
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার